

সবার উদ্দেশ্যে প্রাথমিক আলোচনা

1. ভূমিকা:

বিসিএস এর ক্রেজ কম বেশি সবারই আছে, কিন্তু ইদানীং এত বেশি যে, এটা নিয়ে কিছু একটা ভাবতে বাধ্য করছে আমাকে।

শুরুতেই বলে নেই, আমি সবমাত্র প্রিপারেশন নেওয়া শুরু করেছি আর সেই অভিজ্ঞতার আলোকেই এই আয়োজন। ভুল ত্রুটিগুলো ক্ষমাসুন্দর চোখে দেখবেন। এটি শুধুমাত্র আমার প্রিপারেশন নেওয়ার সময় যা বুঝেছি সেই আলোকে একটা পরামর্শমাত্র, আপনারা চাইলে অন্য অনেক ক্যাডার, কোচিং ও ফলো করতে পারেন, এটা সম্পূর্ণ আপনার একান্ত ব্যাপার।

2. প্রিলিমিনারি প্রস্তুতি নিবেন নাকি প্রিলিমিনারি প্লাস রিটেন কন্সে প্রস্তুতি নিবেন এই সিদ্ধান্তহীনতার সমাধান:

আপনাদের শুরুতেই বলে রাখি, বর্তমানে বিসিএস প্রিলি থেকে শুরু করে রিটেন এর প্রশ্ন প্যাটার্ন অনেক চ্যাঞ্জ, আগের মত গাঁদ বাধা প্রশ্ন আর নেই। বিশেষ করে রিটেনে এনালিটিক্যাল প্রশ্নে ফোকাস দিচ্ছে পিএসসি।

আর রিটেন হইলো ক্যাডার হওয়ার ট্রাম্প কার্ড, প্রিলি শুধু উতরিয়ে গেলেই হবে, তবে প্রিলিকে অবশ্যই ফাস্ট প্রায়োরিটি দিতে হবে। তবে বর্তমানে প্রিলি রিটেন সহ কন্সাইড প্রিপারেশন এর বিকল্প নেই।

রিটেনে এনালিটিক্যাল প্রশ্নের একটা উদাহরণ দেই:

আগে প্রশ্ন হত এমন: বহির্বিশ্বের সঙ্গে সম্পর্ক রক্ষায় বাংলাদেশে কি কি চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে? ব্যাখ্যা করো।

কিন্তু রিসেন্ট বিসিএস গুলোতে এভাবে আসতেছে:

জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী বাস্তবতায় বহির্বিশ্বের সঙ্গে সম্পর্ক রক্ষায় বাংলাদেশে কি কি চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে? এ সকল চ্যালেঞ্জ মোকাবেলায় কি ধরনের পদক্ষেপ নেওয়া উচিত?

এখন আপনারাই বুঝে নিন, প্রশ্ন শুধু একটা টপিকের সাধারণ প্যাটার্ন এ থাকছে না, বরং একটার সাথে আরেকটা রিলেট করে এনালাইসিস করে উত্তর করতে হবোতবে আমি বলব, যারা একদম ফ্রেশ এই যাত্রায়, মানে শুরু থেকে

বিসিএস প্রিপারেশন নেওয়ার কথা ভাবছেন তারা অবশ্যই প্রিলিমিনারি ফোকাস করবেন। আর যাদের মোটামুটি আইডিয়া আছে তারা প্রিলি রিটেন কন্সেপ্টে ফোকাস করবেন।

এবার আমি আপনাদের বুক লিস্ট, গাইডলাইন, স্টাডি মেটেরিয়ালস সহ বাকি সবকিছু বিস্তারিত বলবো।

একদম ফ্রেশদের ক্ষেত্রে শুধু প্রিলিমিনারি এবং কন্সেপ্ট দেব ক্ষেত্রে কন্সেপ্ট ড্রাইভ ফোল্ডারে গেলেই পাবেন।

3.আর সবশেষে ব্যক্তিগত কিছু বলতে চাই:

আমি অনেকদিন ধরেই ভাবতেছি এরকম কিছু একটা করা যায় কিনা, রুয়েট কমন রুমে পোস্ট দেখে সিদ্ধান্ত নিলাম, কাজ শুরু করব ইন শা আল্লাহ।

তবে আশ্চর্যের ব্যাপার হচ্ছে, রুয়েট কমন রুমে আমি এরকম পোস্ট দেওয়ার পরে আমার ইনবক্সে প্রায় ১০০+ মেসেজ আসছে(সবাইকে রিপ্লাই করেছি), সবাই বিষয়টা এত গুরুত্ব দিবে, আমি নিজেও ভাবিনি এরকম হবে। তাই আমি অনেক গুরুত্ব সহকারে সারারাত্রে মাত্র ৩ ঘন্টা তাও আবার দুই দফায় ঘুমিয়ে সকালে উঠেও অনেক কিছু গুছিয়েছি।

বলতে পারেন প্রায় ৭-৮ ঘন্টার নিরলস পরিশ্রম করা লাগছে, কিভাবে লিখবো যাতে আপনাদের কাছে আকর্ষণীয় লাগে, অনেক বিস্তারিত ভাবে বলার চেস্টা করেছি।মেইনলি টার্গেট করেছি, নতুনরা কিভাবে শুরু করবেন। সেটা প্রিলিমিনারি গাইডলাইন এর মধ্যে একটা পিডিএফ এ সব বলেছি।আর আস্তে আস্তে কন্সেপ্ট,রিটেন এসবেও গাইডলাইন দেওয়ার চেস্টা করব।

তারপরেও আমি খুবই সাধারণ একজন মানুষ, আর মানুষেরই ভুল হয়। ভুল ত্রুটিগুলো ক্ষমাসুন্দর চোখে দেখবেন, এটাই প্রত্যাশা।

-লিজন মাহমুদ

ডিপার্টমেন্ট অফ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং,

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সেশন:২০২০-২০২১

Facebook id: <https://www.facebook.com/share/18BBb3iDKB/>